



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
জেলা পরিষদ শাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
[www.lgd.gov.bd](http://www.lgd.gov.bd)



শেখ হাসিনার মূলনীতি  
গ্রাম শহরের উন্নতি

নম্বর : ৪৬.০০.৩৫০০.০৪২.১৪.০৬৬.১৯.২১৬২

তারিখ: ২৮ আশ্বিন ১৪২৮  
১৩ অক্টোবর ২০২১

**বিষয় : ২০২১-২০২২ অর্থ বছরে গোপালগঞ্জ জেলা পরিষদের রাজস্ব তহবিলের আওতায় প্রস্তাবিত স্কিম বাস্তবায়নের অনুমোদন।**

সূত্র : জেলা পরিষদ, গোপালগঞ্জ এর স্মারক ৪৬.৪২.৩৫০০.০০০.০২.০০১.২১-৫১৬, তারিখ: ২৭ সেপ্টেম্বর ২০২১।


উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকে ২০২১-২০২২ অর্থ বছরে গোপালগঞ্জ জেলা পরিষদের অনুকূলে ২০২১-২০২২ অর্থ বছরে গোপালগঞ্জ জেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থ হতে ১৬৬.০০ লক্ষ (এক কোটি ছেষট্টি লক্ষ) টাকা প্রাক্কলিত ব্যয়ে ৭৪টি স্কিম বাস্তবায়নের অনুমোদন প্রদানের জন্য অনুরোধ জানানো হয়েছে। প্রস্তাবিত স্কিমসমূহের ক্রমিক নং-২৮ ও ৪৫ এ উল্লিখিত ৬.০০ লক্ষ (ছয় লক্ষ) টাকা প্রাক্কলিত ব্যয়ে ০২(দুই) টি স্কিম ব্যক্তিকেন্দ্রিক মর্মে প্রতীয়মান হয়েছে।

২। এমতাবস্থায়, ক্রমিক নং-২৮ ও ৪৫ এ উল্লিখিত ৬.০০ লক্ষ (ছয় লক্ষ) টাকায় প্রস্তাবিত ০২(দুই) টি স্কিম ব্যক্তিকেন্দ্রিক বিধায় তা পরিবর্তনপূর্বক প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

৩। পাশাপাশি, উক্ত দু'টি স্কিম ব্যতীত অবশিষ্ট ৭২টি স্কিম ১৬০.০০ লক্ষ (এক কোটি ষাট লক্ষ) টাকা প্রাক্কলিত ব্যয়ে বাস্তবায়নের প্রশাসনিক অনুমোদন নির্দেশক্রমে জ্ঞাপন করা হলো:

**শর্তাবলী:**

পাবলিক প্রকিউরমেন্ট আইন, ২০০৬, পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮, স্থানীয় সরকার বিভাগের ১২ এপ্রিল ২০১৮ তারিখের ৪৬.০০.৫১০০.০৪২.১৪.০৮৫.১৭.৫৫৫ নং পরিপত্রের নির্দেশনাসমূহ যথাযথ প্রতিপালন করতে হবে।

  
মোহাম্মদ তানভীর আজম ছিদ্দিকী  
উপসচিব  
ফোনঃ ৯৫৭৫৫৬৮  
ই-মেইলঃ [lgzp@lgd.gov.bd](mailto:lgzp@lgd.gov.bd)

প্রধান নির্বাহী কর্মকর্তা  
জেলা পরিষদ, গোপালগঞ্জ।

**অনুলিপি:**

১. মাননীয় মন্ত্রী'র একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সিনিয়র সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. সহকারী প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
[এ বিভাগের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো]